

৩
রিটার্নিং অফিসারের কার্যালয়, হবিগঞ্জ।

স্মারক নং-১৭.০৭.৩৬০০.০০০.৩৬.০০১.২৩- ৫১০


তারিখঃ ২১/১১/২০২৩ খ্রিঃ

মনোনয়নপত্র অনলাইনে দাখিল সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ অনলাইনে বাফরন-১ এ সরাসরি মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

২। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ২৩৯ হবিগঞ্জ-১, ২৪০ হবিগঞ্জ-২, ২৪১ হবিগঞ্জ-৩, ২৪২ হবিগঞ্জ-৪ আসনে নির্বাচনের যোগ্য ব্যক্তি বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইট www.ecs.gov.bd এর নোটিশবোর্ডে “অনলাইনে মনোনয়নপত্র দাখিল” ট্যাবে ক্লিক করে অথবা নিম্নোক্ত QR কোড স্ক্যান করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত মনোনয়ন পত্র অনলাইনে দাখিল করতে পারবেন।

৩। অনলাইনে দাখিল কৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।



অনলাইনে মনোনয়নপত্র
QR স্ক্যান করুন

Delia Chandra
২১/১১/২০২৩
(দেবী চন্দ)

জেলা প্রশাসক, হবিগঞ্জ

৩

রিটার্নিং অফিসার

নির্বাচনী এলাকাঃ- ২৩৯ হবিগঞ্জ-১,
২৪০ হবিগঞ্জ-২, ২৪১ হবিগঞ্জ-৩, ২৪২ হবিগঞ্জ-৪
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

স্মারক নং-১৭.০৭.৩৬০০.০০০.৩৬.০০১.২৩- ৫১০ (২২)
অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) -

তারিখঃ ২১/১১/২০২৩ খ্রিঃ

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
৪. পুলিশ সুপার, হবিগঞ্জ
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
৬. জেলা নির্বাচন অফিসার, হবিগঞ্জ
৭. উপজেলা নির্বাহী অফিসার, (সকল), হবিগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
৮. জেলা তথা অফিসার, হবিগঞ্জ (বিজ্ঞপ্তি বহল প্রচারের অনুরোধসহ)
৯. উপজেলা নির্বাচন অফিসার, (সকল), হবিগঞ্জ
১০. অফিসার ইনচার্জ, (সকল থানা), হবিগঞ্জ
১১. সভাপতি/সাধারণ সম্পাদক, হবিগঞ্জ প্রেস ক্লাব, হবিগঞ্জ (বিজ্ঞপ্তি স্থানীয় পত্রিকায় বিনামূল্যে প্রচারের অনুরোধসহ)
১২. অফিস নোটিশ বোর্ড

Delia Chandra
২১/১১/২০২৩
(দেবী চন্দ)

জেলা প্রশাসক, হবিগঞ্জ

৩

রিটার্নিং অফিসার

নির্বাচনী এলাকাঃ- ২৩৯ হবিগঞ্জ-১,
২৪০ হবিগঞ্জ-২, ২৪১ হবিগঞ্জ-৩, ২৪২ হবিগঞ্জ-৪
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

অনলাইনে মনোনয়নপত্র আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের করণীয়ঃ

(১) অনলাইনে মনোনয়নপত্র দাখিল: গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮ এর ৩ বিধির (১) (খ), (২) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) ওয়েবপোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়ন পত্র ডাউনলোড করতে পারবেন।

(খ) ইউজারনেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়ন পত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।

(গ) উল্লেখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস-এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হইবেন।

(ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রের ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের পঞ্চম খন্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চমখন্ডে উল্লেখ পূর্বক স্বাক্ষর ও সলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ই-মেইলে প্রেরণ করবেন।

(ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।